



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637

dgmpd1@krishibank.org.bd

www.krishibank.org.bd

প্রকা/এইচআরএমডি-১/৯(১)/বিবিধ/২০১৭-১৮/৪৬২২

তারিখঃ ০১.০৩.২০১৮ খ্রিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংকে জাতীয় শুদ্ধাচার কোড অব কম্বাষ্ট যথাযথ পরিপালন ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারের সংস্কৃতি প্রতিষ্ঠা ও অনুসরণের মাধ্যমে সততা, নৈতিকতা, দক্ষতা ও দায়িত্বশীলতাপূর্ণ পরিবেশ নিশ্চিতকরণসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উক্ত কোড অব কম্বাষ্ট যথাযথভাবে পরিপালনের জন্য বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। অতি সম্প্রতি লক্ষ্য করা যায়, বাংলাদেশ কৃষি ব্যাংক, নোয়াখালী অঞ্চলাধীন কাদিরপুর শাখার কর্মকর্তা জনাব মোঃ হাফিজ উল্যাহ (ডঃসূত্রনং-এইচ-৮৫২) কে ঘৃষ গ্রহণের অভিযোগে দুদক কর্তৃক শ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। এতে ব্যাংকের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুন্ন হয়েছে, যা ইতোমধ্যে বিভিন্ন গণমাধ্যমেও প্রকাশিত হয়েছে। এহেন কর্মকর্তা ব্যাংকের মতো একটি আর্থিক ও সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবাপ্রদানকারী সকলের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে, যা কোন অবস্থাতেই কাম্য নয়।


০৩। এহেন পরিস্থিতিতে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম ক্ষোভ প্রকাশ করেছেন এবং বর্ণিত কর্মকর্তাকে বাংলাদেশ কৃষি ব্যাংক(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০০৮ এর ৪৪(৪) নম্বর উপ-ধারা মোতাবেক ব্যাংকের চাকুরি হতে ইতোমধ্যে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

০৪। ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের জাতীয় শুদ্ধাচার নীতিমালা পূঙ্খানুপূঙ্খরূপে পরিপালনপূর্বক ব্যাংকের ভাবমূর্তি অক্ষুন্ন রাখা, শতভাগ সততা, নৈতিকতা ও দক্ষতার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে ব্যবসায়িক কর্মকর্তা সম্প্রসারণ এবং সেবাপ্রদান মনোভাব নিয়ে ব্যাংকের সেবা গ্রাহ্য গণমানুষের ঘোর গোড়ায় পৌছানো নিশ্চিতকরণে কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করেছেন। এর কোন প্রকার ব্যত্যয় হলে উদ্ভূত পরিস্থিতির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

০৫। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(এম.এ.রউউউইয়া)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এইচআরএমডি-১/৯(১)/বিবিধ/২০১৭-১৮/৪৬২২(১২৫০)

তারিখ : ০১.০৩.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। সচিব, পর্যদ সচিবালয় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (নোটিশটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি/মহানথি।


(মোঃ রেজাউল করিম আকন্দ)
উর্ধতন মুখ্য কর্মকর্তা